

Respecting Choices®

আগাম সেবা পরিকল্পনা (অ্যাডভান্স কেয়ার প্ল্যানিং)

আপনার ইলেক্ট্রনিক হেলথ রেকর্ডে
একটি ডকুমেন্ট আপলোড করুন।



এই তিনটি
উপায়ের মধ্যে
যেকোনো একটি
ব্যবহার করুন:

ফ্যাক্স: **947.522.0473**

জমা দিন: **MyChart** এর মাধ্যমে

ইমেইল: **cheadvancedirectivefax@corewellhealth.org**

আগাম সেবা পরিকল্পনা (অ্যাডভান্স কেয়ার প্ল্যানিং) কী?

আগাম সেবা পরিকল্পনা (অ্যাডভান্স কেয়ার প্ল্যানিং) হলো এমন একটি প্রক্রিয়া যা একটি বার্তালাপের মধ্য দিয়ে শুরু হয়। আপনাকে এই প্রক্রিয়ার মধ্য দিয়ে যাওয়ার নির্দেশনা প্রদানের জন্য Respecting Choices-এর অনুমোদিত সহায়কগণ রয়েছেন। প্রক্রিয়াটির সঙ্গে আপনার নির্বাচিত রোগীর নির্দেশনা প্রদানকারী (পেশেন্ট অ্যাডভোকেট) ও চিকিৎসকের সাথে আপনার মূল্যবোধ ও বিশ্বাসগুলো সম্পর্কে অবগত করার বিষয়টি সম্পৃক্ত রয়েছে। সফলভাবে সম্পন্ন করা হলে এটি ভবিষ্যতের জন্য আগাম নির্দেশনা প্রদানকারী একটি আইনি নথি তৈরি করে।

ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ) কী?

ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ) হলো একটি আইনি নথি যা আপনি মতামত প্রকাশে অক্ষম থাকাকালীন সময়ে মেডিকেল চিকিৎসার ব্যাপারে আপনার সুনির্দিষ্ট পছন্দের বিষয়গুলো বর্ণনা করে। আপনার ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ), স্বাস্থ্যসেবার ক্ষেত্রে স্থায়ী পাওয়ার অব অ্যাটর্নি (ডিউরেবল পাওয়ার অব অ্যাটর্নি) নামেও পরিচিত, শুধু তখন ব্যবহৃত হবে যখন আপনি এতটা অসুস্থ বা আঘাতপ্রাপ্ত হন যে আপনি নিজে আপনার ইচ্ছা প্রকাশে অক্ষম হন। এই ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ) একজন রোগীর নির্দেশনা প্রদানকারী (পেশেন্ট অ্যাডভোকেট) তালিকাভুক্ত করার মধ্য দিয়ে শুরু হয়, যিনি আপনি যখন আর সিদ্ধান্ত নিতে সক্ষম থাকবেন না এমন অবস্থায় আপনার জন্য সিদ্ধান্ত গ্রহণ করবেন আর এর মধ্যে কার্ডিওপ্যালমোনারি রিসাসিটেশন (সিপিআর), লাইফ সাপোর্ট এবং অঙ্গপ্রত্যঙ্গ দান করার ব্যাপারে পছন্দসমূহ সম্পর্কে ঐচ্ছিক নথি অন্তর্ভুক্ত থাকে।

আপনার ইচ্ছা ও পছন্দগুলো শেয়ার করা

- আপনার পরিবার ও ঘনিষ্ঠ বন্ধু-বান্ধবকে জানান যে আপনি এই নথি পূরণ করেছেন। কে বা কারা আপনার রোগীর নির্দেশনা প্রদানকারী (পেশেন্ট অ্যাডভোকেট) হবেন এবং আপনার স্বাস্থ্যসেবা সংক্রান্ত ইচ্ছাগুলো কী কী তা তাদেরকে জানিয়ে দিন।
- যখনই আপনাকে কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্রে ভর্তি করানো হবে আপনার ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ)-এর একটি কপি আপনার সাথে নিয়ে যাবেন এবং সেটিকে আপনার ইলেক্ট্রনিক হেলথ রেকর্ডে অন্তর্ভুক্ত করার ব্যাপারে অবগত করবেন।
- আপনার ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ)-এর একটি কপি এমন জায়গায় রাখুন যেখান থেকে এটি সহজেই খুঁজে পাওয়া যাবে।
- আপনি যেকোনো সময় আপনার ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ) পরিবর্তন করতে পারবেন।

আমরা আপনাকে প্রতি কয়েক বছর অন্তর আপনার নথি আপডেট করার অথবা **৫ টি ডি-এর নিয়ম (5D rule)** অনুসরণ করার পরামর্শ দিচ্ছি:

- আপনার জীবনের প্রত্যেক নতুন **দশকে** (decade)।
- কোনো প্রিয়জনের **মৃত্যুর** (death) পরে।
- বিবাহ-বিচ্ছেদের** (divorce) পরে।
- উল্লেখযোগ্য কোনো **রোগ নির্ণয়** (diagnosis) হওয়ার পরে।
- কাজকর্ম করার ক্ষেত্রে কোনো উল্লেখযোগ্য **অবনতি** (decline) ঘটায় পরে।

ভবিষ্যতের আগাম নির্দেশনা (অ্যাডভান্স ডিরেকটিভ) ফরমটি, অতিরিক্ত তথ্য সহ অনলাইনে পাওয়া যাবে।



একজন সার্টিফাইড ফ্যাসিলিটেটরের সাথে কথা বলার জন্য, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন: ফোন: **947.522.1948**

ইমেইল: **advancecareplanningeast@corewellhealth.org**

ওয়েবসাইট: **beaumont.org/respecting-choices**

